# বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট।

ফোনঃ ০২-৪১১০০২৪৪, ইমেইলঃ daosylhet@krishibank.org.bd


**বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির চতুর্থ ত্রৈমাসিক (জুন/২০২৪) সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ **আহম্মদ আমান**

বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা (উপমহাব্যবস্থাপক), বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট

তারিখ ও সময় ঃ ৩০.০৬.২০২৪ খ্রি. রবিবার, দুপুর ১২.০০ টা

স্থান ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট

উপস্থিতি ঃ পরিশিষ্ট:'ক'

উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা হয়।

১.০ বাণিজ্যিক নিরীক্ষার অনিষ্পন্ন অনুচ্ছেদ নিষ্পত্তির লক্ষ্যে অত্র বিভাগাধীন শাখা/কার্যালয় কর্তৃক চতুর্থ ত্রৈমাসিকে ১টি সাধারণ এবং ১টি অগ্রিম অনুচ্ছেদের জবাব AMMS-2.0 Portal এর মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। অত্র কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনিষ্পন্ন সকল সাধারণ ও অগ্রিম অনুচ্ছেদ নিষ্পত্তির লক্ষ্যে আওতাধীন শাখা/কার্যালয়সমূহকে AMMS-2.0 Portal এর মাধ্যমে জবাব প্রদানে সহযোগিতা করার জন্য নির্দেশনা দেয়া হয়।

১.১ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় কর্তৃক শাখা নিরীক্ষাকালে বাণিজ্যিক/অভ্যন্তরীণ নিরীক্ষার অনিষ্পন্ন অনুচ্ছেদ নিষ্পত্তির কার্যক্রম তদারকিসহ জবাব প্রস্তুতে শাখা ব্যবস্থাপক ও সংশ্লিষ্ট কর্মকর্তাকে সহযোগিতা প্রদানের জন্য নিরীক্ষা দলকে নির্দেশনা দেয় হয়।

১.২ বর্তমান অর্থবছরে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ কর্তৃক আওতাধীন সকল শাখার অর্থাৎ ১০১টি শাখা'র অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করা হয়েছে।

১.৩ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) তে প্রদত্ত অভ্যন্তরীণ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে শাখা/কার্যালয়সমূহ হতে অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনের পরিপালন/পুনঃপরিপালন জবাব সংগ্রহের জন্য তাগিদপত্র প্রদানসহ কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা ও আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহকে পরামর্শ দেয়া হয়।

১.৪ বাণিজ্যিক নিরীক্ষার অনিষ্পন্ন সাধারণ অনুচ্ছেদ নিষ্পত্তির লক্ষ্যে দ্বি-পক্ষীয় সভার কার্যপত্র প্রস্তুতে সংশ্লিষ্ট শাখা/কার্যালয়কে সহযোগীতা প্রদানের জন্য আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় ও অত্র কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পরামর্শ দেয়া হলো।

১.৫ ভবিষ্যতে শাখা/কার্যালয় নিরীক্ষাকালে আঞ্চলিক নিরীক্ষা দলসহ অত্র কার্যালয়ের নিরীক্ষা দলকে শাখা/কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদেরকে ব্যাংকের নীতিমালা, কর্ম-পদ্ধতি বিষয়ে সার্বিক ধারণা প্রদানসহ অভিজ্ঞতা আদান-প্রদানের উপর গুরুত্ব আরোপ করা হয়। এছাড়া, নিরীক্ষাকালে নিরীক্ষা দলকে শাখা/কার্যালয়ের কার্যক্রমে স্বচ্ছতা, গ্রাহক সেবার মানোন্নয়ন, নিরাপত্তা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা ইত্যাদি বিষয়াদি পর্যালোচনা করে প্রতিবেদনে নিরীক্ষা মন্তব্য প্রদানের জন্য পরামর্শ দেয়া হয়।

১.৬ আলোচ্য বিষয়ে প্রতিবেদন প্রস্তুতকারীকে চলতি কোয়ার্টারের প্রতিবেদন যাচাই-বাছাই করে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। এ বিষয়ে অধিকতর ধারণার জন্য প্রয়োজনে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার সহযোগিতা গ্রহণেরও পরামর্শ দেয়া হয়।

১.৭ পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Ahmed Aman
30.06.2024

(আহম্মদ আমান)
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
(উপমহাব্যবস্থাপক)
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটি
বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট

চলমান পাতা-০২

বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট।
ফোনঃ ০২-৪১১০০২৪৪, ইমেইলঃ daosylhet@krishibank.org.bd



**বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির চতুর্থ ত্রৈমাসিক (জুন/২০২৪) সভার কার্যবিবরণী।**

নং-বিনিকাসি/প্রশা-৩৬/২০২৩-২০২৪/১১২৯(১১) তারিখঃ ৩০.০৬.২০২৪ খ্রি.

বিতরণ ঃ

০১। জনাব নিশিত কান্তি দেবনাথ, সহকারী মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট।
০২। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট।
০৩। জনাব মোঃ সিরাজুল মনির, মুখ্য কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট।
০৪। জনাব মোঃ আবু মুসা, মুখ্য কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ**

০১। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট।
০৪। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক, নিরীক্ষা বিভাগ/পরিপালন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, সিলেট বিভাগ। সভায় বর্ণিত নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। অফিস নথি।

৩০.০৬.২০২৪

(নিশিত কান্তি দেবনাথ)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট।

ফোনঃ ০২-৪১১০০২৪৪, ইমেইলঃ daosylhet@krishibank.org.bd

পরিশিষ্ট-'ক'

## জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির চতুর্থ সভা

## তারিখ ঃ ৩০.০৬.২০২৪ খ্রি.

**বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেটে জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির চতুর্থ সভায় উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষরসহ তালিকা ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব আহম্মদ আমান | উপমহাব্যবস্থাপক | Ahm A 30.06.2024 |
| ০২ | জনাব নিশিত কান্তি দেবনাথ | সহকারী মহাব্যবস্থাপক | ৩০.০৬.২০২৪ |
| ০৩ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা | ৩০/০৬/২৪ |
| ০৪ | জনাব মোঃ সিরাজুল মনির | মুখ্য কর্মকর্তা | ৩০/০৬/২৪ ইং |
| ০৫ | জনাব মোঃ আবু মুসা | মুখ্য কর্মকর্তা | ৩০.০৬.২৪ |